রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২০, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

**প্রজ্ঞাপন**

ঢাকা, ৪ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/ ১৯ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০৩.২৬.১৭৭—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ঔষধ ও কসমেটিকস আইন, ২০২৩ এর ১৩ ধারার প্রদত্ত ক্ষমতাবলে **জাতীয় ঔষধ উপদেষ্টা পরিষদ** নিম্নরূপে পুনর্গঠন করেছে :

১.১। **পরিষদের গঠন :**

| | | | |
|---|---|---|---|
| (১) | মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | : | সভাপতি |
| (২) | প্রতিমন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৩) | প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য |
| (৪) | নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ | : | সদস্য |
| (৫) | সচিব, অর্থ বিভাগ | : | সদস্য |
| (৬) | সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ | : | সদস্য |
| (৭) | সচিব, খাদ্য মন্ত্রণালয় | : | সদস্য |
| (৮) | সচিব, শিল্প মন্ত্রণালয় | : | সদস্য |
| (৯) | সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | : | সদস্য |

| | | | |
|---|---|---|---|
| (১০) | সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | : | সদস্য |
| (১১) | সচিব, বিদ্যুৎ বিভাগ | : | সদস্য |
| (১২) | সচিব, বাণিজ্য মন্ত্রণালয় | : | সদস্য |
| (১৩) | চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড | : | সদস্য |
| (১৪) | মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর | : | সদস্য |
| (১৫) | মহাপরিচালক, ঔষধ প্রশাসন অধিদপ্তর | : | সদস্য |
| (১৬) | মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর | : | সদস্য |
| (১৭) | উপাচার্য, বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয় | : | সদস্য |
| (১৮) | উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় | : | সদস্য |
| (১৯) | সচিব, বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল | : | সদস্য |
| (২০) | চেয়ারম্যান, ফার্মেসী বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | : | সদস্য |
| (২১) | চেয়ারম্যান, রসায়ন বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | : | সদস্য |
| (২২) | চেয়ারম্যান, প্রাণরসায়ন ও অণুপ্রাণ বিজ্ঞান বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | : | সদস্য |
| (২৩) | সভাপতি, ফেডারেশন অব বাংলাদেশ চেম্বার্স অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি | : | সদস্য |
| (২৪) | সভাপতি, বাংলাদেশ এসোসিয়েশন অব ফার্মাসিউটিক্যাল ইন্ডাস্ট্রিজ | : | সদস্য |
| (২৫) | সভাপতি, বাংলাদেশ ফার্মাসিউটিক্যাল সোসাইটি | : | সদস্য |
| (২৬) | সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | : | সদস্য-সচিব। |

এ কমিটিতে ‘সচিব’ বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

১.২। **পরিষদের কার্যপরিধি :**

জাতীয় ঔষধ উপদেষ্টা পরিষদ নিম্নবর্ণিত বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান করবে :

(ক) সরকার কর্তৃক প্রণীত জাতীয় ঔষধনীতি বাস্তবায়ন;

(খ) দেশীয় ঔষধ শিল্পের উন্নয়ন এবং দেশের চাহিদা পূরণের জন্য ঔষধের উৎপাদন ও সরবরাহ;

(গ) দফা(খ)-এর উদ্দেশ্য পূরণকল্পে অ্যালোপ্যাথিক, আয়ুর্বেদিক, ইউনানী, হোমিওপ্যাথিক ও বায়োকেমিক এবং হারবাল ও ভেটেরিনারি ঔষধের মধ্য হতে কতিপয় ঔষধকে ‘অত্যাবশ্যকীয় ঔষধ’ হিসেবে ঘোষণা করে তালিকা প্রকাশ এবং প্রতি দুই বৎসর অন্তর উক্ত তালিকা হালনাগাদকরণ;

(ঘ) ঔষধ এবং এর কাঁচামাল আমদানি, উৎপাদন ও রপ্তানি প্রভৃতি বিষয়ে পরামর্শ প্রদান;

(ঙ) বিভিন্ন মন্ত্রণালয়, সরকারি সংস্থা এবং ঔষধ উৎপাদন, আমদানি, বিতরণ ও বিক্রয়ের সঙ্গে জড়িত ব্যক্তিবর্গের কার্যক্রমের সমন্বয়; এবং

(চ) জরুরি পরিস্থিতিতে প্রয়োজনীয় ও আনুষঙ্গিক বলে বিবেচিত যে কোনো বিষয়।

১.৩। পরিষদ বছরে অন্যূন দুইবার বা জরুরি প্রয়োজনে দুই এর অধিক সভা করতে পারবে।

১.৪। পরিষদ প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

১.৫। এ বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ২৯ জুন ২০২৬ তারিখের ০৪.০০.০০০০.০০০.৬১১.০৬.০০০৩.২৬.১৩৭ স্মারকের অনুবৃত্তিক্রমে এ আদেশ জারি করা হলো।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ হুমায়ুন কবির)
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ০২-২২৬৬৪১০০১
e-mail: addl_ce@cabinet.gov.bd

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd